

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

প্রধান প্রকৌশলীর কার্যালয়

সংস্থাপন শাখা - ৪

গণপূর্ত অধিদপ্তর

পূর্ত ভবন, সেগুনবাগিচা, ঢাকা।

স্মারক নং- ২৫.৩৬.০০০০.২১১.১২.৪০৬.১৫- ৫৬২

তারিখ : ২০/০২/২০১৫

-ঃ আদেশ :-

গণপূর্ত অধিদপ্তরের ৪র্থ শ্রেণীর বিভিন্ন ক্যাটাগরির শূন্য পদ সমূহে নিয়োগের বিষয়ে বিভাগীয় বাছাই/নিয়োগ/পদোন্নতি কমিটির সুপারিশ অনুযায়ী নিম্ন বর্ণিত প্রার্থীকে এতদ্বারা গণপূর্ত অধিদপ্তরের অধীনে নিয়মিত মঞ্জুরীকৃত প্রতিষ্ঠানে পাম্প হেলপার পদে জাতীয় বেতন স্কেল/২০০৯ইং টাকা ৪১০০-১৯০৫৭-৫৪৩০-ইসি-২১০৫৭৭৪০/- এ নিজ জেলার পুলিশ সুপার হইতে সম্ভাবজনক রাজনৈতিক প্রাক-পরিচয় এবং সিভিল সার্জন হইতে মেডিকেল ফিটনেস সম্বলিত স্বাস্থ্যগত সনদপত্র প্রাপ্তি সাপেক্ষে অস্থায়ীভাবে নিয়োগ করিয়া পুনরাদেশ না দেওয়া পর্যন্ত তাহার নামের পার্শ্বে বর্ণিত স্থানে নিয়োজিত করা হইল।

ক্রমিক নং	নাম ও পিতা/স্বামীর নাম	স্থায়ী ঠিকানা	পদায়নকৃত কর্মস্থল
১.	মোহাম্মদ শরফুদ্দিন, পিতা - মোহাম্মদ সিরাজ মিয়া	৫০, জিগাতলা, হাজী আব্দুর রহমান লেন, থানা - হাজারীবাগ, ঢাকা - ১২০৯।	গণপূর্ত ই/এম বিভাগ-১, ঢাকা।

এই অস্থায়ী নিয়োগ গণপূর্ত অধিদপ্তরের (কর্মকর্তা-কর্মচারী) নিয়োগ বিধিমালা ২০০৮ খ্রিঃ অনুসারে নিয়ন্ত্রিত হইবে। যে কোন সময় কোন প্রকার কারণ দর্শানো ব্যতীত এক মাসের লিখিত নোটিশ অথবা নোটিশের পরিবর্তে এক মাসের সমপরিমাণ বেতন অথবা নোটিশের সময় এক মাসের কম হইলে কম সময়ের বেতন প্রদান করতঃ চাকুরী সমাপ্তিযোগ্য। নিয়োগকৃত কর্মচারী স্বেচ্ছায় পদত্যাগ করিতে চাহিলে তাহার পদত্যাগ পত্র গৃহীত না হওয়া পর্যন্ত তাহাকে চাকুরী করিতে হইবে। লিখিত পদত্যাগ পত্র গৃহীত হওয়ার পূর্বে যদি তিনি চাকুরী হইতে অনুপস্থিত থাকেন তাহা হইলে তাহার বিরুদ্ধে সরকারী কর্মচারী শৃংখলা ও আপীল বিধি অনুসারেও কার্যক্রম গ্রহণ করা যাইবে। নিয়োগকৃত কর্মচারী কর্তৃক দাখিলকৃত তথ্যাদিতে কখন কোন ভ্রুটি পাওয়া গেলে কর্তৃপক্ষ তাহার নিয়োগ বাতিল করিতে পারিবেন।

নিয়োগপ্রাপ্ত ব্যক্তিকে এই অফিস আদেশ জারীর ৩০(ত্রিশ) দিনের মধ্যে নির্দিষ্ট পদায়নকৃত স্থানে যোগদান করিতে হইবে অন্যথায় তাহার নিয়োগ সরাসরি বাতিল বলিয়া গণ্য হইবে।

(মোঃ কবির আহমেদ ভূঞা)
প্রধান প্রকৌশলী
গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।

